

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ  
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮  
[www.nstda.gov.bd](http://www.nstda.gov.bd)



**বিষয়ঃ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব গোলাম মোঃ হাসিবুল আলম \*  
স্থান : নির্বাহী চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের অফিস কক্ষ  
তারিখ ও সময় : ১১ মার্চ, ২০২০ সকাল ১০:৩০ মিঃ।

সভার উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর তিনি কার্যপত্র অনুযায়ী সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সদস্য (প্রশাসন ও অর্থ) কে অনুরোধ জানান। সদস্য (প্রশাসন ও অর্থ) ধারাবাহিকভাবে সভায় আলোচ্য বিষয়সমূহ তুলে ধরেন। সভায় উপস্থাপিত আলোচ্যসূচি, আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

**আলোচ্যসূচি ১: বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ**

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের ৫ম সভায় ৪(৫) নং আলোচ্যসূচিতে বর্ণিত ট্রেইনার ও এসেসর নির্বাচনী মৌখিক পরীক্ষার জন্য নির্দিষ্ট পরিমাণে সন্মানীর হার অনুমোদিত হয়েছিল। পরবর্তীকালে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ এসেসর এসেসমেন্ট গাইডলাইন জারি করে। এ গাইড লাইনে মৌখিক পরীক্ষার পাশাপাশি লিখিত পরীক্ষা নেয়ার বিধান সংযুক্ত করা হয়। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের ৬ষ্ঠ সভায় সরকারি দপ্তরের লিখিত নিয়োগ পরীক্ষার জন্য অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত সন্মানীর আলোকে নিম্নোক্ত উপায়ে এসেসর/ট্রেইনারগণের লিখিত পরীক্ষা সংক্রান্ত সন্মানীর হার নির্ধারণ করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং তা পূর্ববর্তী সভার কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত করে বিগত সভার কার্যবিবরণী দৃঢ় করা হয়।

ক্রমিক নং	ব্যয়ের খাত	একক ব্যয়
০১	পরীক্ষা কমিটির সদস্যদের সন্মানী (অনূর্ধ্ব ৫ জন সর্বোচ্চ ৪টি সভা) (প্রতি সভার জন্য জনপ্রতি)	৩০০০/-
০২	প্রশ্নপত্র প্রণয়ন কমিটি (প্রতি ট্রেডে অনূর্ধ্ব ৩ জন) (প্রতিটি প্রশ্ন তৈরির জন্য সর্বোচ্চ ৩ বার জনপ্রতি)	৩০০০/-
০৩	লিখিত পরীক্ষাকেন্দ্রের পরিদর্শকের সন্মানী (জনপ্রতি প্রতিদিন)	১২০০/-
০৪	উত্তরপত্র পরীক্ষণঃ ক) পূর্ণ উত্তরপত্র পরীক্ষণ (প্রতিটি) খ) পূর্ণ অবজেকটিভ টাইপ উত্তরপত্র পরীক্ষণ (প্রতিটি)	৭৫/- ২০/-
০৫	লিখিত পরীক্ষার সঙ্গে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত কর্মচারী দের সন্মানী (জনপ্রতি প্রতিদিন)	৫০০/-
০৬	পরীক্ষা সংশ্লিষ্ট আপ্যায়ন ব্যয় (জনপ্রতি প্রতিদিন)	২০০/-

